بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

10 February 2012

Bangladeshi Diaspora can play an important role in ICT —Ambassador Akramul Qader

The Bangladeshi Diaspora has an important role to play in information technology in order to contribute to Bangladesh's overall socio-economic development. This was said by Bangladesh Ambassador to the USA, Mr. Akramul Qader. Ambassador Qader was speaking at an outreach event at Bangladesh Embassy in Washington DC called ***freebeepay technology tour*** organized by FreebeePay Inc, an IT company established by Bangladeshi entrepreneurs. The event focused on creating general awareness about FreebeePay, a mobile payment technology, designed and programmed by Bangladeshi IT Engineers. Established in November 2010, this emerging company has already employed over 30 software engineers and has remitted approximately 250 thousand dollars to Bangladesh for software development and testing.

Dr. Saiful Khandaker, CEO and Founder, FreebeePay, Inc made an audio-visual presentation explaining various features of the technology innovated and launched by his company.

Bangladesh Ambassador said that the success of FreebeePay could be an exciting business case for US based Bangladeshi entrepreneurs and IT Engineers. He said that the government of Bangladesh under the leadership of Prime Minister Sheikh Hasina is committed to apply ICT in all spheres of Governance with an ultimate vision to transform the country into a Digital Bangladesh. Highlighting Government's initiatives such as business friendly legal framework namely ICT Act of 2009 and National ICT Policy of 2009, he encouraged US based entrepreneurs and business to invest in the ICT sectors of Bangladesh. He mentioned about areas of particular interests for the US business such as investing and outsourcing in custom business application, contract programming services, web content development, e-governance software tools, data conversion and transcription services.

More than fifty professionals working in the field of Information Technology in the greater Washington DC area attended the event. Among others, the officers and officials of the Embassy and representatives of media attended the program. The guests were served with the traditional Bangladeshi cuisine.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১০ ফেব্রুয়ারী, ২০১২

প্রবাসী বাংলাদেশীরা তথ্য প্রযুক্তি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারেন- রাষ্ট্রদূত আকরামুল কাদের

তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে অবদানের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীগণ বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নে অবদান রাখতে পারেন। মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত বাংলাদেশী উদ্যোক্তা কর্তৃক স্থাপিত ফ্রি বি পে, টেকনোলজি, আইএনসি নামক এক তথ্যপ্রযুক্তি কোম্পানীর আয়োজনে বাংলাদেশ দূতাবাসে অনুষ্ঠিত ''ফ্রি বি পে টেকনোলজি ট্যুর'' শীর্ষক এক অনুষ্ঠানে মার্কিন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশ রাষ্ট্রদূত ও প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের একথা বলেন। অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য ছিল বাংলাদেশী প্রকৌশলী কর্তৃক উদ্ভাবিত ফ্রি বি পে নামক মোবাইল পেমেন্ট প্রযুক্তির বিভিন্ন দিক নিয়ে আলোচনা এবং এর মাধ্যমে সাধারণ ব্যবহারকারীদের প্রযুক্তিটির বিভিন্ন দিকের সাথে পরিচয় করিয়ে দেয়া। বিগত নভেম্বর, ২০১০ এ স্থাপিত, এ কোম্পানীটিতে ইতোমধ্যেই ৩০ এর অধিক তথ্যপ্রযুক্তি প্রকৌশলী কাজ করছেন এবং সফ্‌টওয়্যার উন্নয়ন ও পরীক্ষনের উদ্দেশ্যে কোম্পানীটি বাংলাদেশে ২৫০ হাজার মার্কিন ডলার প্রেরণ করেছে।

অনুষ্ঠানে কোম্পানীটির সি ই ও ও প্রতিষ্ঠাতা জনাব সাইফুল খন্দকার তার কোম্পানী কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তটির বিভিন্ন দিক সম্পর্কে এক অডিও ভিজ্যুয়াল প্রদর্শন করেন।

বাংলাদেশের রাষ্ট্রদূত বলেন, ফ্রি বি পের সাফল্য বাংলাদেশী উদ্যোক্তা ও প্রযুক্তিবিদদের জন্য এক চমৎকার উদাহরণ হতে পারে। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার তথ্য প্রযুক্তিকে রাষ্ট্র পরিচালনার সর্বক্ষেত্রে প্রয়োগের উদ্যোগ নিয়েছেন এবং তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে সরকার ''ডিজিটাল বাংলাদেশ'' স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে। তথ্যপ্রযুক্তি ক্ষেত্রে সরকারের ব্যবসাবান্ধব বিভিন্ন আইনগত উদ্যোগ যেমন তথ্যপ্রযুক্তি আইন ২০০৯ এবং জাতীয় তথ্য প্রযুক্তি নীতি ২০০৯ এর কথা উল্লেখ করে। তিনি মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক ব্যবসায়ী ও উদ্যোক্তাদের বাংলাদেশের তথ্য প্রযুক্তিক্ষেত্রে বিনিয়োগের আহ্বান জানান। তিনি বলেন, মার্কিন ব্যবসায়ীগণ তথ্যপ্রযুক্তি সেবার বিভিন্ন ক্ষেত্রে যেমন কাস্টম বিজনেস এপ্লিকেশন,কনট্রাক্ট প্রোগ্রাম সার্ভিস, ওয়েব কনটেন্ট ডেভেলপমেন্ট , ই গর্ভন্যান্স সফ্‌টওয়্যার, ডাটা কনভার্শন ইত্যাদি ক্ষেত্রে বাংলাদেশে বিনিয়োগের সুযোগ গ্রহন করতে পারেন।

বৃহত্তর ওয়াশিংটন এলাকার প্রায় ৫০ এর অধিক তথ্যপ্রযুক্তিবিদ এই অনুষ্ঠানে অংশগ্রহন করেন। দূতাবাসের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ এবং মিডিয়া প্রতিনিধিগণও অনুষ্ঠানটিতে অংশগ্রহন করেন। অনুষ্ঠানে উপস্থিত অতিথিদের ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার দ্বারা অপ্যায়ন করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com